

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে চতুর্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আঃ খালেক মল্লিক মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৯ জুন ২০২২
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত চতুর্থ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচী অনুযায়ী চতুর্থ কোয়ার্টারের কার্যক্রমসমূহ তুলে ধরেন।


- ১.১ প্রত্যেক কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আয়োজন;
- ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন;
 - ১.৫.৩ টিওএন্ডইভুজ অকেজো মালামাল বিনষ্টিকরণ;
- ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর তৃতীয় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ;
- ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ;
- ২.৩ রাজস্ব বাজেট বাস্তবায়ন চতুর্থ কোয়ার্টারে ৫০%;
- ৩.১ অবৈধ খনিজ সম্পদ উত্তোলন বন্ধে সরেজমিন কোয়ারি পরিদর্শন;
- ৩.২ আউটসোর্সিং-এ সরবরাহকৃত জনবলকে ব্যাংকিং প্রক্রিয়ায় বেতন পরিশোধ;

২। অতঃপর সভায় চতুর্থ কোয়ার্টারের কার্যক্রমসমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন ১.৫.৩ টিওএন্ডইভুজ অকেজো মালামাল বিনষ্টিকরণ	বিএমডির টিওএন্ডইভুজ কার (ঢাকা মেট্রো-গ-৩১-৭৫৩৫) গত ২৩-০৬-২০২২ তারিখে অকেজো ঘোষণা করা হয়েছে। প্রচলিত বিধি-বিধান/নীতিমালা অনুসরণপূর্বক গাড়িটি নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

৩	১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর চতুর্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ চতুর্থ কোয়ার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন ০৭-০৭-২০২২ তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ ও বিএমডির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সরকারী পরিচালক (ভূ-রসায়ন)/আইসিটি কর্মকর্তা
৪	১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানপূর্বক পুরস্কার প্রাপ্তদের তালিকা ২৯-০৫-২০২২ তারিখে বিএমডির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সরকারী পরিচালক (ভূ-রসায়ন)/আইসিটি কর্মকর্তা
৫	২.৩ রাজস্ব বাজেট চতুর্থ কোয়ার্টারে ৫০% বাস্তবায়ন	চতুর্থ কোয়ার্টারের রাজস্ব বাজেট ৫০% বাস্তবায়ন করা হয়েছে	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ক্রয় কর্মকর্তা
৬	৩.১ অবৈধ খনিজ সম্পদ উত্তোলন বন্ধে সরেজমিন কোয়ারি পরিদর্শন	অবৈধ খনিজ সম্পদ উত্তোলন বন্ধে সরেজমিন কোয়ারি পরিদর্শন কার্যক্রম সম্পাদন করা হয়েছে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৭	৩.২ আউটসোর্সিং-এ সরবরাহকৃত জনবলকে ব্যাংকিং প্রক্রিয়ায় বেতন পরিশোধ	আউটসোর্সিং-এ সরবরাহকৃত জনবলের ব্যাংকিং প্রক্রিয়ায় বেতন পরিশোধের ভাউচার/ডকুমেন্ট মে, ২০২২ পর্যন্ত সংগ্রহ করা হয়েছে। জুন, ২০২২ মাসের ভাউচার/ডকুমেন্ট ০৫-০৭-২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংগ্রহ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৮	৩.৫ অবৈধভাবে উত্তোলিত খনিজ সম্পদ জব্দপূর্বক উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয়করণ	অবৈধভাবে উত্তোলিত খনিজ সম্পদ জব্দপূর্বক ২২-০২-২০২২ তারিখে উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়েছে।	সংশ্লিষ্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-৩).১১২

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।



আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)